কোটচাঁদপুরে বিএনপি নেতৃবৃন্দের প্রতিবাদ সভা

কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দের স্বেচ্ছাচারিতা এবং অঙ্গসংগঠনের নেতৃবৃন্দকে অবমূল্যায়নের অভিযোগে প্রতিবাদ সভা করেছেন দলের ১১টি অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। গত শুক্রবার বিকেলে স্থানীয় প্রিজন ক্লাবে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর পৌর যুবদলের আহ্বায়ক আবুল হোসেন।

এ সময় বক্তব্য রাখেন উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজুল আলম মামুন, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম (শান্ত), পৌর যুবদলের সদস্য সচিব শাহানুর রহমান (শাহান), উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, সদস্য সচিব হাফিজুর রহমান, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক নাসির উদ্দীন লিওয়ন, সদস্য সচিব হুমায়ুন কবির হীরা, পৌর ছাত্রদলের আহ্বায়ক বাধন রাজবীর (নিশু), সদস্য সচিব ফজলে রাব্বী, উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম, সদস্য সচিব আবুল কাশেম (বাবু) এবং পৌর কৃষক দলের আহ্বায়ক ফিরোজ উদ্দিন (মানিক)।

বক্তারা বলেন, দীর্ঘদিন দলের পক্ষে কাজ করে আমরা হামলা-মামলার শিকার হয়েছি। এখন ৫ আগস্টের পরের নেতাকর্মীদের ভিড়ে আমাদের খুঁজে পাওয়া কষ্ট হয়ে যাচ্ছে। তারা বলেন, আমরা বেশ কিছুদিন ধরে লক্ষ্য করছি, নেতৃবৃন্দ আমাদের বাদ দিয়ে একটি দলের সঙ্গে ভাগাভাগিতে ব্যস্ত রয়েছেন। আমরা তাদের বলতে চাই, আপনারা এমনটি করবেন না। আমাদের কোনো সমস্যা থাকলে আমাদের ডাকুন এবং বসে সমস্যার সমাধান করুন।

উল্লেখ্য, এর আগে নেতৃবৃন্দের সঙ্গে অঙ্গসংগঠনের নেতৃবৃন্দের কিছু বিষয় নিয়ে দূরত্ব সৃষ্টি হয়, যার বহিঃপ্রকাশ ঘটে শুক্রবার অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজলের সঙ্গে স্থানীয় সুধী সমাজের মতবিনিময় সভাকে কেন্দ্র করে। ওই দিন অনুষ্ঠানে যথাযথ মূল্যায়ন না পেয়ে দলের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা ক্ষোভ প্রকাশ করেন।

এ ব্যাপারে উপজেলা বিএনপির সভাপতি ও এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান অধ্যাপক আব্দুর রাজ্জাক বলেন, অনুষ্ঠানের আগে আমি ব্যক্তিগতভাবে

অঙ্গসংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে মোবাইলে কথা বলেছি। এখন তারা যে অভিযোগ করছেন, তা সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন। অঙ্গসংগঠনের ওই নেতাকর্মীরা এসব করে দলের মধ্যে বিভেদ তৈরির চেষ্টা চালাচ্ছেন।

ঝিনাইদহে ছাত্রদলের নেতৃবৃন্দের মিলন মেলা

ঝিনাইদহ সরকারী কেশব চন্দ্র কলেজ ছাত্রদলের সাবেক বর্তমান নেতৃবৃন্দ ও শিক্ষার্থীদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

ছাত্রদলের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে গতকালশনিবার (৫ এপ্রিল) সকালে কলেজ চত্বরে সরকারী কেসি কলেজ ছাত্রদল এ অনুষ্ঠানের আয়োজন করে।
সেসময় কলেজের প্রাক্তন ও বর্তমান ছাত্র দলের নেতৃবৃন্দ ও সাধারণ শিক্ষার্থীরা অংশ গ্রহনর করে।

এতে জেলা বিএনপি’র সভাপতি সাবেক ছাত্রনেতা এ্যাড. এমএ মজিদ, কেসি কলেজের সাবেক ভিপি ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নু, জেলা বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাবেক এজিএস সাজেদুর রহমান পপ্পু, যুবদলের সভাপতি সাবেক ছাত্রনেতা আহসান হাবিব রনক, যুবদলের সাধারন সম্পাদক সাবেক ছাত্রদল নেতা আশরাফুল ইসলাম পিন্টু, জেলা ছাত্রদলের সভাপতি সমিনুজ্জামান সমিন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান ও কলেজ ছাত্র দলের সদস্য সচিব মেহেদী হাসানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, ঈদ পুনর্মিলনীর মাধ্যমে পারস্পরিক সৌহার্দ্য, ঐক্য ও সাংগঠনিক বন্ধন আরও দৃঢ় করার আহ্বান জানিয়ে বলেন, ছাত্রদলের সাবেক ও বর্তমান নেতৃবৃন্দ এবং সাধারণ শিক্ষার্থীদের একসাথে মিলিত হওয়ার এমন আয়োজন ভবিষ্যতে দলীয় কার্যক্রমে ইতিবাচক প্রভাব

ফেলবে।

এই আয়োজনের জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও এমন মিলনমেলার ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানান।

মেহেরপুরে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দের গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদের নেতৃত্বে কুতুবপুর ইউনিয়নে একটি গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আজ শনিবার (২১ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে কুতুবপুর ইউনিয়নের কালী গাংনী থেকে এ গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা। পরে উত্তর শালিকা ও সুবিদপুর গ্রামে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদকে ফুলের শুভেচ্ছা দেন।

এসময় জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন সাতু, ওমর ফারুক লিটন, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক এডভোকেট নজরুল ইসলাম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দের গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদের নেতৃত্বে শ্যামপুর ইউনিয়নে একটি গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার বিকেল ৩ টার দিকে কুতুবপুর ইউনিয়নের তেরোঘরিয়া গ্রামের এ গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা। পরে শোলমারি ও রুদ্রনগর গ্রামে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদকে ফুলের শুভেচ্ছা দেন।
এসময় জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু, ওমর ফারুক লিটন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক এডভোকেট নজরুল ইসলাম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটির নেতৃবৃন্দের গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটির সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলামের নেতৃত্বে বুড়িপোতা

ইউনিয়নে একটি বিশাল গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আজ বুধবার (১৮ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে বুড়িপোতা ইউনিয়নের বাড়িবাঁকা গ্রামের এ গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা। পরে শালিকা, বাজেতপুর, হরিরামপুর, ঝাঁঝা, কানদেবপুর ও গোভীপুর গ্রামে গণসংযোগ অনুষ্ঠিত হয়।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলামকে ফুলের শুভেচ্ছা দেন।

এসময় এডভোকেট কামরুল ইসলাম বলেন, হাসিনা সরকারের আমলে জনগণ শান্তিতে ঘুমাতে পারেনি। অনেক মায়ের বুক খালি করে দিয়েছে এই শাসন। আমরা মনে করি, এই অন্যায়ের সঠিক বিচার হওয়া উচিত। তারেক রহমানের নির্দেশে আমরা ঐক্যবদ্ধ হয়ে কাজ করছি, কারণ হাসিনা সরকার জনগণের ভোটের অধিকার কেড়ে নিয়েছিল।

আমরা একটি শান্তিপূর্ণ ভোটের পরিবেশ চাই, যেখানে জনগণ নির্ভয়ে ভোটকেন্দ্রে গিয়ে ধানের শীষে ভোট দিতে পারবে। একটি উন্নত ও সুন্দর বাংলাদেশ গড়তে আমাদের ঐক্যবদ্ধভাবে কাজ করে যেতে হবে। জনগণের অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে আমরা অটল থাকব।

এছাড়াও তিনি জনগণের মতামত শোনার পাশাপাশি তাদের সমস্যা ও প্রত্যাশা নিয়ে কথা বলেন।
এসময় মোঃ মিজানুর রহমান, মোঃ ওমর ফারুক, মোঃ লতিব বিশ্বাস, মোঃ মহিউদ্দিন, আব্দুল মান্নান, মোহাম্মদ ফরিদ বিশ্বাসসহ ইউনিয়ন বিএনপি ও ওয়ার্ড বিএনপি’র অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে জেলা জামাতের

নেতৃবৃন্দের মতবিনিময়

দেশের চলমান পরিস্থিতি নিয়ে দর্শনা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর রুহুল আমীন।

গতকাল সোমবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাবে থানা জামায়াতের আয়োজনে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথির বক্তব্যে রুহুল আমীন বলেন, ৫ আগষ্ট ছাত্র-জনতার আন্দোলনের ফলে স্বোরশাসনের পতনের মাধ্যমে এ দেশে বিপ্লবী ছাত্র সমাজ, বঞ্চিত ও পেশাজীবি মানুষ আরো একবার স্বাধীনতার স্বাদ গ্রহন করেছে। দেশে গণতন্ত্রের নামে একদলীয় শাসন শুরু হয়েছিলো আজ থেকে ১৬ বছর আগে। দেশের সকল সেক্টরে ছিলো দলীয় করণ। অফিসগুলোতে সুদ-ঘুষ বানিজ্য ছিলো এ দেশের প্রতিদিনের নৈমিত্তিক চিত্র। সাধারণ মানুষ এ সকল অপকর্মের বিরুদ্ধে রুখতে পারেনি সত্য, কিন্তু তাদের দীর্ঘশ্বাস ৫ আগষ্ট নিয়ে আসতে সাহায্য করেছিলো। তাই বাংলাদেশ জামায়াতে ইসলামী ভিষন মানুষের কল্যান সাধন করা, দেশ পরিচালনা সৎ ও যোগ্য মানুষ তৈরী এবং আল্লাহর সন্তুষ্টি অর্জন। এ সভার সভাপতিত্ব করেন দর্শনা থানা জামায়েতর আমীর রেজাউল করিম।

বিশেষ অতিথির বক্তব্য দেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের সেক্রেটারী এ্যাড. আসাদুজ্জামান, সহকারী সেক্রেটারি এ্যাড. মাসুদ পারভেজ রাসেল, সহ সেক্রেটারী, সাবেক দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুল কাদের, দর্শনা থানা সেক্রেটারি মাহবুবুর রহমান টুকু, দর্শনা পৌর আমীর আজিজুল হক, সাবেক সেক্রেটারি গোলজার হোসেন প্রমুখ।

এ সময় দর্শনা প্রেসক্লাবে সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক ওসমান আলী,সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম, হানিফ মন্ডল, সহ সম্পাদক নজরুল ইসলাম, সহ-সভাপতি মাহমুদ হাসান রনি, প্রেসক্লাবের সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন, এফএ আলমগীর, মনিরুজ্জামান সুমন, আহসান হাবিব মামুন, মাসুম বিল্লাহ, আব্দুর রহমান, ইমতিয়াজ রয়েল, শ্রী সুকমল চন্দ্র দাস বাঁধন, ফরহাদ হোসেন, আবিদ হাসান রিফাত,দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ সহ সকল সদস্য উপস্থিত ছিলেন।

পরে চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর রুহুল আমীন জেলা জামায়াতের

সেক্রেটারী এ্যাড. আসাদুজ্জামানসহ কেরু এ্যান্ড কোম্পানির ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারেফ হোসেনের সাথে কেরু অতিথি ভবনে এক মতবিনিময় করেন, তারপর দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার সাথে ও দর্শনা পুরাতন বাজার মন্দির কমিটির সাথে আলোচনা ও মতবিনিময় করেন।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে জামায়াত নেতৃবৃন্দের মতবিনিময়

বাংলাদেশ জামায়াতে ইসলামী দর্শনা পৌর শাখার উদ্যোগে গতকাল শনিবার সকাল ১০টায় দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার সাহার সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

উক্ত মতবিনিময় সভায় জামায়াতে ইসলামীর পক্ষ থেকে দর্শনায় সাম্প্রতিক অবস্থার পরিপ্রেক্ষিতে সার্বিক নিরাপত্তা জোরদার ও সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার লক্ষ্যে তাদের পক্ষ থেকে সবধরনের সহযোগীতার আশ্বাস দেওয়া হয়। মতবিনিময় জামায়াত নেতৃবৃন্দ্ব জানান- ৫ তারিখের ক্লান্তিলগ্নে জামায়াত ও শিবিরকর্মীরা সারা রাত জেগে দর্শনা পুরাতন বাজারস্থ সংখ্যালঘু পল্লীতে যেন কোন দূর্বৃত্তরা হামলা করতে না পারে সে জন্য পাহারা দিয়েছে। তারা ইতি মধ্যেই হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দ্বের সাথে বসে তাদের পাশে থেকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছে এবং সার্বিক বিষয়ে খোঁজখবর রাখছে।

সভায় জামায়াত নেতৃবৃন্দের পক্ষ থেকে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের সহকারী সেক্রেটারী সাবেক দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান মো: আব্দুল কাদের, দর্শনা থানা জামায়াতের সেক্রেটারী মাহাবুবুর রহমান টুকু, পৌর জামায়াতের ভারপ্রাপ্ত আমীর মোঃ আজিজুল ইসলাম, সাবেক কমিশনার সাহিকুল আলম অপু, আমজাদ হোসেন, মাসুমবিল্লাহ, তানজীল হোসেন প্রমুখ। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার সাহা তাদের আন্তবিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।

দামুড়হুদায় যুব ও সামাজিক নেতৃবৃন্দের ভূমিকা বিষয়ে সংলাপ অনুষ্ঠিত

দামুড়হুদায় শিক্ষা ও সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে দরিদ্র জনগনের অধিকার আদায়ে যুব ও সামাজিক নেতৃবৃন্দের ভূমিকা বিষয়ে সংলাপ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১টার দিকে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় দামুড়হুদা দর্শনা হঠাৎপাড়ায় ওয়েভ ফাউন্ডেশন ট্রেড ট্রেনিং সেন্টারে উক্ত সংলাপ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা মেডিকেল অফিসার মকলেছুর রহমান,দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সহ-সাধারন সম্পাদক হানিফ মন্ডল, অধ্যক্ষ ট্রেড ট্রেনিং সেন্টার দর্শনা অফিস আব্দুস সালাম, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান, সিনিয়র প্রোগ্রাম অফিসার আব্দুল আলীম সজল, সাইফুল ইসলাম, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার দপ্তর সম্পাদক ইউনুস আলী, পরিবেশ বিষয়ক সম্পাদক মোজাম্মেল শিশির, হাউলী ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবার রহমান, সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য টিপু সুলতান, প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন প্রমূখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।